



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd E-mail: info@bmeb.gov.bd Fax: 58616681, 58617908, 9615576



MC-17348

নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১৯১০০০৭৪৪/ বরগুনা - ৮৪/ ২০ ৮৬৮

তারিখ: ০১.০৭.২০১৯খ্রিঃ

বিষয়ঃ অভিযোগের বিষয়ে উচ্চতর তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বরগুনা জেলার আমতলী উপজেলাধীন মহিষকাটা নেছারিয়া দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটির সাবেক সভাপতি জনাব মো: আবু জাফর ও অভিভাবক সদস্য মোঃ কায়সুর রহমান ভারপ্রাপ্ত সুপার মো: জালাল উদ্দিনের বিরুদ্ধে বিভিন্ন অনিয়ম ও দুর্নীতি উল্লেখপূর্বক একই বিষয়ে ভিন্ন দুটি অভিযোগপত্র দাখিল করেছেন। অভিযোগপত্রে উল্লেখ করা হয়েছে যে মাদ্রাসার সিনিয়র শিক্ষককে বাদ দিয়ে বিধি-বিধান লঙ্ঘন করে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জনাব আকমল হোসেন মোটা অংকের উৎকোচ গ্রহণ করে উপজেলা নির্বাহী অফিসারকে ভুল বুঝিয়ে মাদ্রাসার জুনিয়র শিক্ষক জনাব মো: জালাল উদ্দিনকে ভারপ্রাপ্ত সুপার হিসেবে দায়িত্ব প্রদান করেন। ইতোপূর্বে মাদ্রাসা বোর্ড থেকে অভিযোগকারী জনাব মো: আবু জাফরের বিরুদ্ধে দুর্নীতির তদন্তের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে পত্র দেয়া হয়। উক্ত পত্র মোতাবেক উপজেলা নির্বাহী অফিসার উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে তদন্তের দায়িত্ব প্রদান করেন। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার তদন্তকালে জনাব মো: আবু জাফরের পক্ষ থেকে কোন প্রকার লিখিত বক্তব্য না নিয়ে জালাল উদ্দিনের সাথে মোটা অংকের লেনদেনের মাধ্যমে তার বিরুদ্ধে তদন্ত প্রতিবেদন প্রেরণ করেন।

উক্ত তদন্ত প্রতিবেদনের বিরুদ্ধে অনাস্থা প্রকাশ পূর্বক পুনরায় উচ্চতর তদন্তের জন্য জনাব মো: আবু জাফর মাদ্রাসা বোর্ড কর্তৃপক্ষের কাছে অনুরোধ করেছেন। অন্যদিকে আপলোডকৃত এডহক কমিটির সভাপতি হিসেবে মাননীয় সংসদ সদস্য জনাব মো: আবু জাফরকে ডিও লেটার দিয়েছেন। পরবর্তীতে মাননীয় সংসদ সদস্যকে ভুল বুঝিয়ে ১৮-০২-২০১৯ তারিখে তাকে বাদ দিয়ে দাখিলকৃত তালিকার ১ নং ব্যক্তি ডা: মো: আবু জাফর পিতা আলহাজ শামসুদ্দিন আহমেদ ছজু কে সভাপতি মনোনয়নের জন্য সুপারিশ করেছেন। জনাব মো: আবু জাফরের বিরুদ্ধে যে সমস্ত অভিযোগ প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে তা মিথ্যা ও বানোয়াট এবং যোগসাজসে করা হয়েছে মর্মে জনাব মো: আবু জাফর অভিযোগপত্রে উল্লেখ করেছেন।

এমতাবস্থায় সার্বিক বিষয়ে সরেজমিন উচ্চতর তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন প্রেরণের জন্য তাকে অনুরোধ করা হলো।

সংযুক্তি বর্ণনা মোতাবেক () পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে



মোঃ সিদ্দিকুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮

জেলা প্রশাসক
বরগুনা।



তারিখ: ০১.০৭.২০১৯খ্রিঃ

নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১৯১০০০৭৪৪/ বরগুনা - ৮৪/ ২০ ৮৬৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা শিক্ষা অফিসার, বরিশাল।
২. জনাব মো: আবু জাফর, ডাকঘর: হাট চুনাখালী, আমতলী, বরগুনা।
৩. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. অফিস কপি।



মোঃ ওমর ফারুক

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬৭৪৮৭৪

